দৈনিক
আমাদের সময়

তারিখ: 17 JUN 2017
পৃষ্ঠা: ২ কলাম: ১২

কমনওয়েলথের বোর্ডসভা

# শিক্ষায় অভিন্ন মান নির্ধারণের আহ্বান শিক্ষামন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ●

কমনওয়েলথভুক্ত রাষ্ট্রগুলোর জন্য শিক্ষা ক্ষেত্রে একটি অভিন্ন মান নির্ধারণের আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। কানাডার ভ্যাঙ্কুভারে অনুষ্ঠিত কমনওয়েলথ অব লার্নিংয়ের (সিওএল) ৩৪তম বোর্ড অব গভর্নরসের সভায় তিনি এ আহ্বান জানান। ১৫ ও ১৬ জুন এই সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার উন্নয়নে, বিশেষ করে দক্ষতা উন্নয়নে কমনওয়েলথ দেশগুলোর ধারণাগুলো নিয়মিত বিনিময় হওয়া দরকার। বোর্ড অব গভর্নরসের নতুন সদস্য হিসেবে সভায় শিক্ষামন্ত্রী বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে শিক্ষা ক্ষেত্রে সাম্প্রতিক উন্নয়নের বিভিন্ন বিষয় তুলে ধরেন।

কমনওয়েলথ অব লার্নিং (সিওএল) কমনওয়েলথ রাষ্ট্রগুলোর একটি আন্তর্জাতিক সংস্থা, যা সদস্যদেশগুলোর মধ্যে দূরশিক্ষণ পদ্ধতি ও আইসিটি প্রযুক্তির প্রয়োগের মাধ্যমে শিক্ষণের সুযোগ সৃষ্টি ও বিস্তারের জন্য কাজ করে থাকে।